গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয়ঃ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ও নির্দেশিকা ২০২৩-২৪ এর অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির কার্যবিবরণী।

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ ও সময়	:	১৭ আগষ্ট ২০২৩, বেলা: ১২: ০০ টা
স্থান	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণ-কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন এর বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করেন।

০২। সভায় জানানো হয় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, অনুচ্ছেদ ১.২ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ/ আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০৪টি অবহিতকরণ সভা আয়োজন, অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা অয়োজন/ আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন এবং অনুচ্ছেদ ২.২ অনুযায়ী নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন, আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়নের বিষয় সমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় ২০২৩-২৪ এ উল্লেখ রয়েছে।

০৩। **আলোচনা:**

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করার জন্য এ বিভাগের সিপিটিইউ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদানের এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব শতভাগ নিষ্পত্তি করণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর, ই-পাসপোর্ট করার জন্য এ বিভাগ কর্তৃক অনাপত্তি সনদ (NOC) প্রদান এবং বহিঃবাংলাদেশ ছুটি আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ-কে ত্রৈমাসিকভিত্তিতে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০৪টি অবহিতকরণ সভা আয়োজন, ২.১ অনুযায়ী অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরার বিষয়ে আলোচনা হয়।

চলমান পাতা-০২

০৪। **সিদ্ধান্ত:**

৪.১ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.২ এ বিভাগের সিপিটিইউ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করা হবে।

৪.৩ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে সুপারিশ প্রদান করা হবে।

৪.৪ এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর এবং বহিঃবাংলাদেশ ছুটি আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করা হবে।

৪.৫ অনুচ্ছেদ ১.২ অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ-কে ত্রৈমাসিকভিত্তিতে ০১ (এক)টি করে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মোট ০৪টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৪.৬ অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ০১টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

৪.৭ অনুচ্ছেদ ২.১ অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে।

৪.৮ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরতে হবে।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.০৮.২০২৩

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২৯.২২.২৮৬

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০ / ২০ আগষ্ট ২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-উপসচিব, সুশাসন অধিশাখা)।
২. মহাপরিচালক, সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. প্রধান (অতিরিক্ত সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫. জনাব মোঃ মাহফুজার রহমান, পরিচালক (যুগ্মসচিব), সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ **{অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে ০১ (এক)টি করে মোট ০৪টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য অনুরোধ করা হলো}**।
৬. যুগ্মসচিব, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. জনাব নাজনীন সুলতানা, সিনিয়র সহকারী সচিব, প্রশা-০২ শাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ **{অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য ত্রৈমাসিক ভিত্তিতে ০১টি প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুরোধ করা হলো}**।
৮. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৯. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি।
১০. জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১১. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০/৮/২০২৩

(মোঃ মইনউদ্দিন খন্দকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৭০৭
ই-মেইল:
sasadmin1@imed.gov.bd